সিলেট থেকেই নির্বাচনী মাঠে নামছেন তারেক রহমান



সংগৃহীত ছবি

তারেক রহমান আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার শুরু করতে যাচ্ছেন সিলেট থেকে। বিএনপির শীর্ষ নেতৃত্বের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২২ জানুয়ারি তিনি সিলেট সফরের মাধ্যমে মাঠে নামবেন।

দলের মিডিয়া সেলের প্রধান মওদুদ হোসেন আলমগীরের ভাষ্য অনুযায়ী, সফরের শুরুতেই তারেক রহমান হজরত শাহজালাল (রহ.) ও শাহপরান (রহ.)-এর মাজারে শ্রদ্ধা নিবেদন করবেন। এরপর তিনি বিভিন্ন স্থানে পথসভা ও জনসমাবেশে অংশ নিয়ে নির্বাচনী বার্তা তুলে ধরবেন।

ঢাকায় এক বৈঠক শেষে সাংবাদিকদের তিনি জানান, নির্বাচনের সময়সূচিকে সামনে রেখে দল পরিকল্পিতভাবে ভোটারদের কাছে নিজেদের অবস্থান তুলে ধরবে। প্রতীক বরাদ্দ শেষ হওয়ার পরদিন থেকেই এই কার্যক্রম শুরু হবে।

নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, ২১ জানুয়ারি প্রার্থীদের প্রতীক বরাদ্দ দেওয়া হবে। এর পরের দিন, অর্থাৎ ২২ জানুয়ারি থেকে প্রচারের আনুষ্ঠানিক পর্ব শুরু হচ্ছে।

সিলেট সফর শেষে তারেক রহমান সড়কপথে ঢাকায় ফেরার সময় বিভিন্ন জেলায় থেমে থেমে সভা ও গণসংযোগ করবেন। এ কর্মসূচির অংশ হিসেবে তিনি মৌলভীবাজারে জনসমাবেশে যোগ দেবেন এবং শ্রীমঙ্গলেও নির্বাচনী বক্তব্য রাখবেন।

এদিকে গত সপ্তাহে দলের স্থায়ী কমিটির এক বৈঠকে উত্তরবঙ্গ সফর সাময়িকভাবে বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়। নির্বাচন কমিশনের অনুরোধের পরিপ্রেক্ষিতেই বিএনপি ওই কর্মসূচি স্থগিত করে।